

B.A Part- III (Honours) Examination, 2021

বাংলা (সাম্মানিক)

পত্র – পঞ্চম

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক ।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও ।

উত্তরপত্র সর্বাধিক তেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪ x ৫ = ২০

ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে শৈবলিনীর প্রায়শ্চিত্ত অংশের তাৎপর্য আলোচনা করো ।

খ) ‘চোখের বালি’ উপন্যাসের বিহারী চরিত্রটির পরিচয় দাও ।

গ) ‘গৃহদাহ’ উপন্যাসে অচলা মহিমের আঙুলে যেদিন আংটি পরিয়ে প্রণাম করেছিল সেদিনের ঘটনার তাৎপর্য আলোচনা করো ।

ঘ) ‘গৃহদাহ’ উপন্যাসের মৃগাল চরিত্রের উপযোগিতা আলোচনা করো ।

ঙ) জননীর অন্ধম্লেহ ও শাশুড়ির ঈর্ষা রাজলক্ষ্মী চরিত্রের মূল বৈশিষ্ট্য – এ কথা কতটা সত্য আলোচনা করে দেখাও ।

চ) ‘গণদেবতা’ উপন্যাসের দুর্গা চরিত্রটি লেখকের অনবদ্য সৃষ্টি – কথাটির তাৎপর্য বিচার করো ।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩ x ১০ = ৩০

ক) “বাল্যকালের ভালবাসায় বুঝি কিছু অভিসম্পাত আছে” – এই বক্তব্যের আলোকে প্রতাপ চরিত্রটির মূল্যায়ন করো ।

খ) ‘চোখের বালি’ উপন্যাসে লেখক চরিত্রের আঁতের কথা বের করে দেখাতে চেয়েছেন – এ কথার যথার্থতা বিচার করো ।

গ) ‘গৃহদাহ’ উপন্যাসের নামকরণ কতটা সার্থক হয়েছে তা বিচার করো ।

ঘ) মহিম ও সুরেশ এই দুটি চরিত্রের তুলনামূলক আলোচনা করো ।

ঙ) ‘গণদেবতা’ উপন্যাসে কে কীভাবে গণদেবতা হয়ে উঠেছে আলোচনা করে দেখাও ।

